গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
(ভিপি সেল)
www.sirajganj.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৮৮০০.০২০.৩১.০০৪.১৭.২০- ৬৯

তারিখ ঃ ০৭/০১/২০২০ খ্রি.

বিষয় : অপ্রকাশিত "ক" তালিকায় থাকায় আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র : সহকারী কমিশনার (ভূমি), শাহজাদপুর, সিরাজগঞ্জ এর ২৭/১১/২০১৯ খ্রি. তারিখের ১৪১৮ নং স্মারক মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অপ্রকাশিত "ক" তালিকায় থাকায় আইনগত মতামত প্রদানের জন্য সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে অপ্রকাশিত "ক" তালিকাভূক্ত সম্পত্তি বলে কিছু নাই। এ বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ২৬৯ তারিখ ২৫/০৪/২০১৯ খ্রি. এর আলোকে বর্ণিত বিষয়ে তদন্ত পূর্বক যাচাই বাছাই অন্তে আইন ও বিধি মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, মহোদয় সদয় নির্দেশনা মোতাবেক বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ৫৭ ফর্দ।

০৬/০১/২০২০
(পান্না আক্তার)
সহকারী কমিশনার
ভিপি সেল
জেলা প্রশাসকের কার্যালয়
সিরাজগঞ্জ।
০৬/০১/২০২০

সহকারী কমিশনার (ভূমি)
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৮৬.১৭-২৪২ তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৫ / ০৩ সেপ্টেম্বর ২০১৮

**বিষয়ঃ এসএ ও আরএস রেকর্ড অনুযায়ী ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি ২০১৭ সালে বাদপড়া 'ক' অর্পিত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত করার অযুহাত দেখিয়ে খাজনা বন্ধ রাখায় প্রতিকার পাওয়ার আবেদন।**

উপর্যুক্ত বিষয়ে জনাব মো: আনোয়ার হোসেন, পিতা- মো: আব্দুল বারেক সরকার, সাং ও পোষ্ট খোকসাবাড়ী, উপজেলা- সদর, সিরাজগঞ্জ, উপজেলা- সদর, সিরাজগঞ্জ কর্তৃক দাখিলকৃত আবেদনের ছায়ালিপি ও সংযুক্ত কাগজাদি এতদসংগে প্রেরণ করা হলো। অর্পিত সম্পত্তির গেজেট প্রকাশ করার সময়সীমা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। নতুন করে গেজেট প্রকাশ/সংশোধনী গেজেট প্রকাশ করার সুযোগ নেই। তাই কোন জমি ভিপি 'ক' তালিকার গেজেটে প্রকাশের জন্য ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে উল্লেখে জনগণের প্রাপ্য অধিকার থেকে বঞ্চিত করার সুযোগ নেই।

এই পরিপ্রেক্ষিতে বর্ণিত বিষয়ে তদন্তপূর্বক যাচাই-বাছাই অন্তে আইন ও বিধিমতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনামতে।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক,
সিরাজগঞ্জ।

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৮৬.১৭-২৪২/১(২) তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৫ / ০৩ সেপ্টেম্বর ২০১৮

অনুলিপিঃ

১। জনাব মো: আনোয়ার হোসেন, পিতা- মো: আব্দুল বারেক সরকার, সাং ও পোষ্ট খোকসাবাড়ী, উপজেলা- সদর, সিরাজগঞ্জ, উপজেলা- সদর, সিরাজগঞ্জ।
২। অফিস কপি।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(ভি.পি. সেল)
www.sirajganj.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৮৮০০.০২০.৩১.০০৭.১৩.১৮- ১২০৪(৯৭) তারিখ : ০৮/১১/২০১৮ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :**

১। উপজেলা নির্বাহী অফিসার..........................(সকল)।
২। বিজ্ঞ সরকারি কৌসুলি (জিপি), জজ কোর্ট, সিরাজগঞ্জ।
৩। সহকারী কমিশনার (ভূমি).............(সকল)।

(ফয়সাল আহমেদ)
সহকারী কমিশনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৯৯.১৭.২৬৯

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৬
২৫ এপ্রিল ২০১৯

**বিষয়ঃ অপ্রকাশিত 'ক' তালিকাভুক্ত সম্পত্তি প্রসঙ্গে।**

সূত্র : জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর স্মারক নম্বর-২২৮, তারিখ: ২৫/০৩/২০১৯ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপধারা (১ক) অনুযায়ী বাদপড়া, ভুল হওয়া অর্থাৎ অপ্রকাশিত 'ক' তালিকাভুক্তির যোগ্য সম্পত্তির গেজেট প্রকাশের আইনগত সময়সীমা ২৬/০২/২০১৪ তারিখের পর উত্তীর্ণ হয়েছে। সুতরাং আইন সংশোধনের মাধ্যমে বিধান প্রবর্তন ব্যতীত উক্তরূপ বাদপড়া, ভুল হওয়া অর্থাৎ অপ্রকাশিত 'ক' তালিকাভুক্তির যোগ্য সম্পত্তির গেজেট প্রকাশের আইনগত সুযোগ নেই।

০২। এ বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩.১৪-৩৯৫(৭৩) তারিখ: ১৬/১১/২০১৬ মূলে প্রেরিত মাননীয় ভূমি মন্ত্রীর সভাপতিত্বে ২১/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত (গ) অনুযায়ী অর্পিত সম্পত্তির 'ক' তালিকার গেজেটে বাদ পড়া ও ভুল হওয়া যে সকল সম্পত্তি ভিপি লিজ কেস মূলে লিজ দেয়া আছে তা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত লিজ নবায়ন অব্যাহত রেখে উক্ত সম্পত্তিতে সরকারের নিয়ন্ত্রণ বজায় রাখতে হবে।

০৩। 'ক' তালিকায় প্রকাশযোগ্য অর্পিত সম্পত্তি ভুল বশত: 'ক' তালিকার গেজেটে অপ্রকাশিত থাকলে তা অধিগ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান পেন্ডিং রাখা ব্যতীত আইনগত কোন বাধা পরিলক্ষিত হয়না।

০৪। অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অবহিত করা হ'ল।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

(৭)

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-৮৭ তারিখঃ ২২/০৩/২০১৭।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কিত নির্দেশনা।

সূত্র ঃ (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪।
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭ তারিখঃ ০৮/০১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ার পর উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির নামজারি, রেকর্ড সংশোধন ও ভূমি উন্নয়ন কর আদায় সহ প্রাসঙ্গিক ব্যবস্থাপনা বিষয়ে ১নং সূত্রোক্ত স্মারক মূলে পরিপত্র জারি করা হয়; যা এখনো বহাল ও কার্যকর রয়েছে। পরবর্তীতে এ পরিপত্রে উল্লিখিত সময়সীমা বিষয়ে অচলাবস্থার সৃষ্টি না করে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ধারা ২৮ক এর (৪) উপধারা অনুযায়ী সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ব বা স্বার্থ সংরক্ষণে প্রচলিত আইন অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপর্যুক্ত ২নং সূত্রোক্ত স্মারকমূলে নির্দেশনা দেয়া হয়।

এই প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখঃ ১৪/০৭/২০১৪ মূলে জারিকৃত পরিপত্রটির সাথে পরবর্তীতে স্মারক নং-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭ তারিখঃ ০৮/০১/২০১৭ মূলে জারিকৃত নির্দেশনা সমন্বয় করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২২/৩/১৭

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক,

...... ........................ (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

দৃঃআঃ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-৮৭(১০০) তারিখঃ ২২/০৩/২০১৭।

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ**

০১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৪। কমিশনার, ......................................... বিভাগ (সকল)।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
০৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, ......................................... (সকল)।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২/৩/১৭

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব